

আদিবাসী জাতিগোষ্ঠীর অধিকার বিষয়ক জাতিসংঘ ঘোষণাপত্রে

সাংস্কৃতিক অধিকার

সংস্কৃতি হলো আদিবাসী পরিচয়ের অত্যাবশ্যকীয় উপাদান। আদিবাসী সংস্কৃতি হলো অন্যকে সম্মান করা, সহজাত নম্রতা ও একে অন্যের প্রতি পারস্পরিক সহযোগিতার ধারণার উপর প্রতিষ্ঠিত। সকল মানুষের মর্যাদা ও সাংস্কৃতিক অখণ্ডতা সংরক্ষণই হলো মূলনীতি যা জনগণকে একতাবদ্ধ রাখে ও সম্প্রীতি সম্পর্ক নিশ্চিত করে।

—“উন্নয়ন সংক্রান্ত এশীয় আদিবাসী জাতিগোষ্ঠীর প্রেক্ষাপট” থেকে নেয়া উদ্ধৃতি।



আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের সংস্কৃতি অঙ্গীভূতকরণ বা ধ্বংসের হাত থেকে রেহাই পাওয়ার অধিকার রয়েছে। তাদের সাংস্কৃতিক ঐতিহ্য ও প্রথা চর্চা করা ও পুনরুজ্জীবিত করার অধিকারও তাদের রয়েছে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে তাদের সংস্কৃতি যেমন- ঐতিহাসিক ও ধর্মীয় নিদর্শন, উৎসব-আচারাদি, প্রযুক্তি, শিল্প ও সাহিত্য বজায় রাখা, রক্ষা করা ও উন্নয়ন করার অধিকার। - অনুচ্ছেদ ৮, ১১



আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের সংস্কৃতি, ঐতিহ্য ও ইতিহাসের বৈচিত্র্যতা ও মর্যাদার অধিকার রয়েছে। তাদের সাংস্কৃতিক ব্যবস্থার সাথে যেভাবে সামঞ্জস্যপূর্ণ সেভাবে তাদের নিজস্ব ভাষায় শিক্ষা প্রদানের জন্য শিক্ষাব্যবস্থা প্রবর্তন ও নিয়ন্ত্রণের অধিকার রয়েছে। তাদের এবং প্রধানতঃ তাদের শিশুদের কোন বৈষম্য ব্যতীত রাষ্ট্রের সকল পর্যায়ে ও সকল ধরনের শিক্ষা লাভের অধিকার রয়েছে।

অধিকন্তু তাদের নিজস্ব ভাষায় নিজস্ব সংবাদ মাধ্যম স্থাপনের অধিকার রয়েছে এবং কোন বৈষম্য ব্যতীত অন্যান্য সকল ধরনের সংবাদ মাধ্যমে সুযোগ লাভের অধিকার রয়েছে। - অনুচ্ছেদ ১৪, ১৫ ও ১৬



আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের উৎসব-আচারাদির বস্ত্রসামগ্রীর ব্যবহার ও নিয়ন্ত্রণ করার অধিকারসহ তাদের আধ্যাত্মিক ও ধর্মীয় ঐতিহ্য ও প্রথা অভিব্যক্ত করা, চর্চা করা ও উন্নয়ন করার অধিকার রয়েছে। অধিকন্তু তাদের পূর্ব পুরুষের দেহাবশেষ এবং উৎসব-আচারাদির বস্ত্রসামগ্রীর নিয়ন্ত্রণ ও ফিরে পাওয়ার অধিকার রয়েছে। - অনুচ্ছেদ ১২



আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের ইতিহাস, ভাষা, ঐতিহ্য, দর্শন, লেখ্যরূপ ও সাহিত্য-সামগ্রী পুনরুজ্জীবিত করা, ব্যবহার করা, উন্নয়ন করা এবং ভবিষ্যৎ বংশধরদের নিকট হস্তান্তর করার অধিকার রয়েছে। তাদের জনগোষ্ঠী, স্থান ও ব্যক্তির নাম বজায় রাখার অধিকার রয়েছে। - অনুচ্ছেদ ১৩

আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের সাথে যৌথভাবে রাষ্ট্রসমূহ কার্যকর কর্মকৌশল গ্রহণ করবে-

- আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের সমষ্টিগতভাবে অবহিত পূর্বক সম্মতি ব্যতীত বা তাদের আইন, ঐতিহ্য ও প্রথা লঙ্ঘন করে কেড়ে নেয়া তাদের সাংস্কৃতিক, বুদ্ধিবৃত্তিক, ধর্মীয় ও আধ্যাত্মিক সম্পত্তি ফিরিয়ে দেয়াসহ প্রতিবিধানের ব্যবস্থা করা;
- তাদের উৎসব-আচারাদির বস্ত্রসামগ্রী ও পূর্ব পুরুষের দেহাবশেষ তাদের অধিকার রাখতে বা ফেরত পেতে সক্ষম করা;
- তাদের জনগোষ্ঠী, স্থান ও ব্যক্তির নাম বজায় রাখাসহ তাদের ইতিহাস, ভাষা, ঐতিহ্য, দর্শন, লেখ্যরূপ ও সাহিত্য হস্তান্তরে সক্ষম করা;
- তাদের বিরুদ্ধে বাধ্যতামূলক অঙ্গীভূতকরণ বা একীভূতকরণ ও বৈষম্য প্রতিরোধ ও নির্মূল করা এবং তাদের মধ্যে ও সমাজের অন্যান্য সম্প্রদায়ের সাথে বোঝাপড়া ও উত্তম সম্পর্ক প্রসার করা;
- তাদের জনসমষ্টির বাইরে বসবাসকারী জনগোষ্ঠীসহ তাদের, বিশেষতঃ শিশুদের, নিজস্ব সংস্কৃতি ও ভাষায় সকল স্তরে শিক্ষা লাভের নিশ্চয়তা বিধান করা;
- রাষ্ট্রীয় মালিকানাধীন ও ব্যক্তি-মালিকানাধীন সংবাদ মাধ্যম ও শিক্ষাব্যবস্থায় আদিবাসী জাতিগোষ্ঠীর সাংস্কৃতিক বৈচিত্র্যতা যাতে যথাযথভাবে প্রতিফলিত হয় তা নিশ্চিত করা; এবং
- দোভাষী ব্যবস্থার মাধ্যমে বা অন্য কোন যথাযথ উপায়ে আদিবাসী জাতিগোষ্ঠীসমূহ যাতে রাজনৈতিক, আইনী ও প্রশাসনিক প্রক্রিয়া বুঝে বা তাদেরকে বুঝাতে পারে তার নিশ্চিত করা।



আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের সাংস্কৃতিক ঐতিহ্য, ঐতিহ্যগত জ্ঞান, সাংস্কৃতিক অভিব্যক্তি এবং তাদের বিজ্ঞান ও প্রযুক্তি অক্ষুণ্ণ রাখা, নিয়ন্ত্রণ করা, রক্ষা করা ও উন্নয়ন করা অধিকার তথা এসবের পরিসম্পদের উপর বুদ্ধিবৃত্তিক সম্পত্তির অধিকার রয়েছে। রাষ্ট্রসমূহ এসব অধিকার স্বীকৃতি প্রদান ও সুরক্ষা করবে। - অনুচ্ছেদ ৩১



আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের প্রথা ও ঐতিহ্য অনুসারে তাদের স্বকীয় পরিচয় ও সদস্যপদ নির্ধারণের অধিকার রয়েছে। কিন্তু এটি যে দেশে তারা বসবাস করে সেদেশের নাগরিকত্বের অধিকার থেকে তাদেরকে বঞ্চিত করবে না। - অনুচ্ছেদ ৩৩

আদিবাসী জাতিগোষ্ঠীসমূহের তাদের প্রাতিষ্ঠানিক কার্যক্রম ও তাদের স্বতন্ত্র প্রথা, আধ্যাত্মিক ঐতিহ্য ও পদ্ধতি এবং আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রচলিত বিচার ব্যবস্থা উন্নয়ন করা ও বজায় রাখার অধিকার রয়েছে। - অনুচ্ছেদ ৩৪



ক্যাপেং ফাউন্ডেশন

২৩/২৫ সালমা গার্ডেন, পেপেরটেক, রোড ৪
পিসি কালচার হাউসিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন : +৮৮০-২-৮১৯০৮১
E-mail: kapaengfoundation@gmail.com
Web: www.kapaeng.org